



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 58617908, 9615576



নং 57.16.0000.006.33.001.20-০৭

তারিখ: 22-০১-২০২৩ খ্রি.

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে আলিম একাদশ শ্রেণিতে ভর্তি সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা এ বোর্ডের আওতাধীন প্রতিষ্ঠান প্রধানগণের উদ্দেশ্যে জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে আলিম একাদশ শ্রেণিতে ভর্তির জন্য চূড়ান্তভাবে মনোনীত শিক্ষার্থীদের প্রতিষ্ঠানভিত্তিক তালিকা www.xiclassadmission.gov.bd সাইটে **College Login** প্যানেলে দেয়া হয়েছে। মনোনীত শিক্ষার্থীদের চূড়ান্ত তালিকা প্রিন্ট করে প্রতিষ্ঠানের ওয়েবসাইটে এবং নোটিশ বোর্ডে অবশ্যই প্রদর্শন করতে হবে। আগামী 26-০১-২০২৩ তারিখের মধ্যে নিশ্চায়নসহ শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। তালিকার বাইরে কোন শিক্ষার্থী ভর্তি করা যাবে না। শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২২ পরিপূর্ণভাবে অনুসরণ করতে হবে।

ভর্তির ক্ষেত্রে কয়েকটি গুরুত্বপূর্ণ নির্দেশনা-

- প্রতিষ্ঠান কর্তৃক শিক্ষার্থীর ভর্তি নিশ্চায়ন (APPROVAL) 26-০১-২০২৩ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। **যথাসময়ে নিশ্চায়নকৃত শিক্ষার্থীদের APPROVAL না করা হলে ভর্তি বাতিল হয়ে যাবে।** তাই মনোনীত সকল শিক্ষার্থীর ভর্তি নিশ্চায়ন করার সময় খুব সতর্ক থাকতে হবে। ভর্তি নিশ্চায়ন সম্পন্ন করার পর নিশ্চায়নের প্রিন্ট কপি চূড়ান্ত তালিকার সাথে মিলিয়ে যাচাই করে অবশ্যই সংরক্ষণ করতে হবে। নামের মিল থাকার কারণে এক শিক্ষার্থীর স্থলে অন্য শিক্ষার্থীর নিশ্চায়ন যেন না হয় সেদিকে সতর্ক দৃষ্টি রাখতে হবে।
- প্রতিষ্ঠানে ভর্তির সময় শিক্ষার্থীর দাখিল পাশের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র জমা না নিয়ে একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্রের অনলাইনের কপি জমা নিয়ে ভর্তি সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। প্রয়োজনে শিক্ষার্থীর দাখিল পরীক্ষার মূল এডমিট কার্ড ও রেজিস্ট্রেশন কার্ড জমা নেওয়া যাবে। পরবর্তীতে মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র জমা প্রদান সাপেক্ষে মূল এডমিট কার্ড ও রেজিস্ট্রেশন কার্ড ফেরত প্রদান করতে হবে।
- বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটির ১৬-০১-২০২৩ খ্রি. তারিখের বিবিধ/কলেজ/২০২০/২৩৪ স্মারক মোতাবেক ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ ভর্তির ক্ষেত্রে **জানুয়ারি-২০২৩ থেকে মাসিক বেতন গ্রহণ করতে হবে।**
- প্রতিষ্ঠান কর্তৃক শিক্ষার্থীর ভর্তি নিশ্চায়নের (APPROVAL) জন্য PIN বা সিকিউরিটি কোড প্রয়োজন হবে না। তাই শিক্ষার্থীর কাছ থেকে PIN বা সিকিউরিটি কোড নেয়ার প্রয়োজন নেই।
- নির্ধারিত সময়ে নিশ্চায়নসহ সকল ভর্তি কার্যক্রম সম্পাদিত না হলে প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

বিষয় রেজিস্ট্রেশন সংক্রান্ত তথ্য www.xiclassadmission.gov.bd ওয়েবসাইটে দেয়া হবে।

বি.দ্র. : ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২২ অনুযায়ী অনলাইন ব্যতীত ম্যানুয়ালি কোন ভর্তির কার্যক্রম করা হবে না।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ 02-9612858

email: registrar@bmeb.gov.bd